



ভারতে খেলতে অনাগ্রহী বাংলাদেশ, দ্রুত সিদ্ধান্ত জানাবে আইসিসি



সংগৃহীত ছবি

বাংলাদেশের ভারতে টি-টোয়েন্টি বিশ্বকাপে অংশগ্রহণ নিয়ে অনিশ্চয়তা কাটেনি। এ বিষয়ে চূড়ান্ত অবস্থান জানতে আজ (১৭ জানুয়ারি) আইসিসির একটি প্রতিনিধি দল ঢাকায় এসে বৈঠক করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সঙ্গে।

বিসিবি ও ক্রীড়া মন্ত্রণালয়ের ৯ সদস্যের প্রতিনিধির সঙ্গে প্রায় দেড় ঘণ্টার রুদ্ধদ্বার আলোচনায় বসেন আইসিসির কর্মকর্তারা। তবে বৈঠক শেষে জানা গেছে, ভারতে না যাওয়ার সিদ্ধান্তে এখনো অটল রয়েছে বিসিবি। এই অবস্থান বিবেচনায় নিয়ে দ্রুত বোর্ড সভা করে চূড়ান্ত সিদ্ধান্ত জানাবে আইসিসি।

এর আগেই বিসিবির পরিচালক ইফতেখার রহমান মিঠু স্পষ্ট করে জানিয়েছেন, বোর্ডের অবস্থানে কোনো পরিবর্তন আসছে না। বিপিএলের একটি ম্যাচ দেখতে গিয়ে তিনি বলেন, আইসিসি ক্রিকেট বোর্ড ও ক্রীড়া মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করবে, কিন্তু আমাদের অবস্থান পরিষ্কার।

তিনি আরও জানান, বোর্ড ও সরকার উভয়ের মতেই ভারতে দলটির নিরাপত্তা নিয়ে উদ্বেগ রয়েছে। শুধু খেলোয়াড় নয়, সমর্থক ও সাংবাদিকদের নিরাপত্তাও বিবেচনায় নেওয়া হচ্ছে। বিষয়টি সরাসরি সভাপতি নিজেই তদারকি করছেন বলেও জানান তিনি।